

# ইবি শিক্ষার্থীকে মারধর ছাত্রলীগকর্মীদের

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



তুচ্ছ ঘটনা নিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) রিয়াদ হোসেন  
নামের স্নাতকোত্তর পর্যায়ের এক শিক্ষার্থীকে মারধরের অভিযোগ  
উঠেছে ছাত্রলীগকর্মীদের বিরুদ্ধে। গত সোমবার রাতে  
ক্যাম্পাসের জিয়া মোড়ে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী রিয়াদ ইবির হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের  
স্নাতকোত্তর ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। তাঁর অভিযোগ,  
বিশ্ববিদ্যালয়ের বাসে ক্যাম্পাসে আসার সময় ভিড়ের মধ্যে  
সামনে যেতে চাইলে ভেতরে দাঁড়িয়ে থাকা ইংরেজি বিভাগের  
শিক্ষার্থী ছাত্রলীগকর্মী সামিউল ইসলাম ও তাঁর সঙ্গীরা তাতে বাধা

দেন। এক পর্যায়ে তাঁকে ক্যাম্পাসে গিয়ে দেখে নেওয়ার হুমকি দেন অভিযুক্তরা। পরে বাস থেকে নামার পর সামিউল, ইমন, সিয়াম, তরুণ, মিন্টু, সৌমিকসহ আট-১০ জন রিয়াদকে এলোপাতাড়ি মারধর করেন। আহত অবস্থায় তাঁকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে নিয়ে যান তাঁর বন্ধুরা।

অভিযুক্তরা শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিম আহমেদ জয়ের অনুসারী হিসেবে ক্যাম্পাসে পরিচিত। এর মধ্যে নাবিল আহমেদ ইমন ছাত্রলীগ সম্পাদকের সহোদর।

এ ব্যাপারে অভিযুক্ত সামিউল বলেন, ‘বাসে প্রচুর ভিড় থাকায় তাকে (রিয়াদ) ভেতর দিয়ে যেতে মানা করেছিলাম। কিন্তু ও না শুনে আমাদের সঙ্গে বাগবিতগুয়া লিপ্ত হয়। পরে ক্যাম্পাসে নেমে ওকে ডেকে বোঝাতে গেলে আবারও তর্কে লিপ্ত হয়। এ সময় ও ওর বন্ধুদের নিয়ে আমাদের ওপর চড়াও হলে হাতাহাতি হয়।’